উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭।
www.lged.gov.bd

স্মারক নং-এলজিইডি/সিই/পিইউ-৬৩(অংশ-১)/২০১০/ ৯৩১৮৮ তারিখঃ ২৭/১২/২০১৬ইং

প্রতি,

নির্বাহী প্রকৌশলী
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
জেলাঃ ................................. ।

বিষয়ঃ **ই-জিপি পদ্ধতিতে রাজস্ব/উন্নয়ন বাজেটের (প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের) আওতাধীন কাজের চুক্তি অনুমোদন/সম্পাদনের ক্ষেত্রে এলজিইডি'র জেলা পর্যায়ের নির্বাহী প্রকৌশলীগণকে HOPE কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা (Authorized Officer) হিসাবে ভূমিকা পালন প্রসংগে।**

সূত্রঃ স্মারক নং-এলজিইডি/পিইডিপি-৩/ডি-১২/২০১২(অংশ-৫)/৭৪৬১ তারিখঃ ১৩/১০/২০১৬ইং।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, রাজস্ব/উন্নয়ন বাজেটের (প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের) আওতায় পূর্ত/রক্ষণাবেক্ষণ কাজের দরপত্র ই-জিপি পদ্ধতিতে প্রক্রিয়াকরণের ক্ষেত্রে উক্ত কাজের চুক্তি অনুমোদন/সম্পাদনের বিষয়ে নিম্নবর্ণিত বিষয়সমূহের প্রতি লক্ষ্য রেখে দায়িত্ব পালনের অনুরোধ করা হলোঃ

১। ই-জিপি পদ্ধতিতে প্রযোজ্য ক্ষেত্রে রাজস্ব বাজেটের আওতায় জেলার নির্বাহী প্রকৌশলীগণ স্ব-স্ব দপ্তরের দরপত্র প্রক্রিয়াকরণে ইতোমধ্যে ক্রয়কারীর (PE) ভূমিকায় চুক্তি অনুমোদনকারী কর্তৃপক্ষ (AA) হিসাবে সিদ্ধান্ত প্রদান করছেন। এখন হতে সূত্রস্থ স্মারক অনুযায়ী জেলার নির্বাহী প্রকৌশলীগণ উন্নয়ন বাজেটের আওতায় প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের আওতায় এলজিইডি কর্তৃক বাস্তবায়িতব্য কাজের ক্ষেত্রে চুক্তি অনুমোদনকারী কর্তৃপক্ষ হিসাবে সিদ্ধান্ত প্রদান করবেন। রাজস্ব/উন্নয়ন বাজেট (প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের) নির্বিশেষে জেলার নির্বাহী প্রকৌশলীগণ HOPE কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা (Authorized Officer) এর ভূমিকায় ই-জিপি সিস্টেমে তার আর্থিক ক্ষমতানুযায়ী দায়িত্ব পালন করবেন। সিস্টেমে ইতোমধ্যে ৬৪টি জেলার নির্বাহী প্রকৌশলীগণকে Authorized Officer (AO) হিসাবে অন্তর্ভূক্তকরণের জন্য প্রস্তুতি নেওয়া হয়েছে। জেলার নির্বাহী প্রকৌশলীগণকে তার পূর্বের ভূমিকার (PE, TOC, TEC) পাশাপাশি Authorized Officer (AO) হিসেবে নতুন ভূমিকা প্রদানের পর সংশ্লিষ্টদের অফিসিয়াল ই-মেইলে তা জানিয়ে দেয়া হবে।

২। দরপত্র মূল্য প্রাক্কলিত মূল্যের মধ্যে সীমাবদ্ধ থাকা সাপেক্ষে রাজস্ব/উন্নয়ন বাজেটের (প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের) আওতায় ৫০.০০ লক্ষ টাকা পর্যন্ত নতুন পূর্ত/রক্ষণাবেক্ষণ কাজের ক্ষেত্রে ই-জিপি পদ্ধতির মাধ্যমে আহ্বানকৃত দরপত্রের প্রেরীত দরপত্র মূল্যায়ন প্রতিবেদন জেলা নির্বাহী প্রকৌশলীগণ পিপিআর, ২০০৮ এর বিধি-১১ অনুযায়ী ই-জিপি পদ্ধতিতে অনলাইনে সিদ্ধান্ত প্রদানপূর্বক নিষ্পত্তি করবেন।

৩। পিপিআর, ২০০৮ এর তফসিল-৩ অনুযায়ী জেলার নির্বাহী প্রকৌশলীগণ মূল্যায়ন কমিটির সুপারিশ সম্পর্কে ৭ দিনের মধ্যে সিদ্ধান্ত প্রদান করবেন।

৪। এ বিষয়ে যে কোন ধরনের সহযোগিতার প্রয়োজন হলে এলজিইডি'র প্রকিউরমেন্ট ইউনিট (xen.procurement@lged.gov.bd) এর সাথে যোগাযোগ করতে হবে।

২৭/১২/২০১৬

(শ্যামা প্রসাদ অধিকারী)
প্রধান প্রকৌশলী
ফোনঃ ৯১২৪০২৭
ই-মেইলঃ ce@lged.gov.bd

অনুলিপিঃ
১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), এলজিইডি, ............................অঞ্চল, জেলাঃ .................................... ।
৪। প্রকল্প পরিচালক (সকল), ............................................ এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
৫। জনাব ..................................................................., সদস্য, e-GP/PROMIS Cell।